


Annual Report 2012 - 2013



পাওয়ার গ্রিড কোম্পানী অফ বাংলাদেশ লিঃ
POWER GRID COMPANY OF BANGLADESH LTD.

annual report

2012-2013



পাওয়ার গ্রীড কোম্পানী অফ বাংলাদেশ লিমিঃ
POWER GRID COMPANY OF BANGLADESH LTD.
(An Enterprise of Bangladesh Power Development Board.)



VISION

Economic upliftment of the country by reaching electricity to all through reliable transmission.

MISSION

Efficient and effective management of national power grid for reliable and quality transmission of electricity as well as economic dispatch throughout the country.



contents

Present Board of Directors	4-5
Board of Directors (2012-13)	6-7
Management	8
PGCB at a glance	9
Value Added Statement	10
PGCB's Five-year Review	11
Directors' Report (Bengali)	12-33
Directors' Report (English)	34-55
Events	56-57
Notice of the 17th Annual General Meeting	58
Annual Report of the Audit Board Committee	59-62
Corporate Governance	63-69
Auditors' report	70-77
Notes to the Financial Statements	78-112
Auditors & Bankers	113
Grid Map	114
Proxy Form	115

Present Board of Directors



Mr. Md. Abul Kalam Azad
Chairman



Mr. Monowar Islam
Independent Director



Mr. Foiz Ahamed
Director



Engr. S. M. Khabiruzzaman, PEng
Independent Director



Barrister M. Enamaul Kabir Emon
Independent Director



Dr. A.B.M. Harun-ur- Rashid
Director

- | | |
|-------------------------------------|---------------------------------------|
| 1. Mr. Md. Abul Kalam Azad | Chairman |
| 2. Mr. Monowar Islam | Independent Director |
| 3. Mr. Foiz Ahamed | Director |
| 4. Engr. Md. Abduhu Ruhullah | Director |
| 5. Dr. Jamaluddin Ahmed, FCA | Director |
| 6. Mr. Abu Alam Chowdhury | Independent Director |
| 7. Engr. S. M. Khabiruzzaman, PEng | Independent Director |
| 8. Barrister M. Enamaul Kabir Emon | Independent Director |
| 9. Dr. A.B.M. Harun-ur- Rashid | Director |
| 10. Mr. Harun-ur-Rashid Khan | Director |
| 11. Mr. A.K.M.A Hamid | Director |
| 12. Engr. Chowdhury Alamgir Hossain | Managing Director (Additional Charge) |



Engr. Md. Abduhu Ruhullah
Director



Dr. Jamaluddin Ahmed, FCA
Director



Mr. Abu Alam Chowdhury
Independent Director



Mr. Harun-ur-Rashid Khan
Director



Mr. A.K.M.A Hamid
Director



Engr. Chowdhury Alamgir Hossain
Managing Director (A/C)

Board of Directors (2012-'13)



Mr. Md. Abul Kalam Azad
Chairman



Mr. Monowar Islam
Independent Director



Mr. Foiz Ahamed
Director



Engr. S. M. Khabiruzzaman, PEng
Director



Barrister Mr. M. Anamul Kabir Emon
Director



Dr. A.B.M. Harun-ur- Rashid
Director

1. Mr. Md. Abul Kalam Azad
2. Mr. Monowar Islam
3. Mr. Foiz Ahamed
4. Mr. Md. Abdul Wahab Khan
5. Dr. Jamaluddin Ahmed, FCA
6. Mr. Abu Alam Chowdhury
7. Engr. S. M. Khabiruzzaman, PEng
8. Barrister Mr. M. Anamul Kabir Emon
9. Dr. A.B.M. Harun-ur- Rashid
10. Mr. Harun-ur-Rashid Khan
11. Mr. A.K.M.A Hamid
12. Engr. Md. Jamal Ullah

Chairman
Independent Director
Director
Director
Director
Director
Director
Director
Director
Director
Director
Managing Director



Mr. Md. Abdul Wahab Khan
Director



Dr. Jamaluddin Ahmed, FCA
Director



Mr. Abu Alam Chowdhury
Director



Mr. Harun-ur-Rashid Khan
Director



Mr. A.K.M.A Hamid
Director



Engr. Md. Jamal Ullah
Managing Director

Current Top Management of the Company



Engr. Chowdhury Alamgir Hossain
Managing Director (Additional Charge)



Engr. Chowdhury Alamgir Hossain
Executive Director (P&D)



Mr. Md. Jinnatul Haque
Executive Director (HRM & Finance)



Engr. Tapan Kumar Ray
Executive Director (O&M)



Mr. Mohammed Salim
General Manager (Finance)



Engr. Md. Emdadul Islam
Chief Engineer (Transmission-1)



Engr. Md. Aksed Ali
Chief Engineer (System Operation)



Engr. Md. Farid Uddin Ahmed
Chief Engineer (Project)



Engr. Quazi Ahsan Shafique
Chief Engineer (P&D)



Mr. Md. Tajul Islam
General Manager (P&A) I/C



Mr. Md. Ashraf Hossain
Company Secretary




Mr. Abul Khayer Chowdhury
Deputy General Manager (Audit)



PGCB at a glance

Corporate Office	: Institution of Engineers Bangladesh (IEB) Bhaban (New), 3rd and 4th Floor, 8/A Ramna, Dhaka - 1000, Bangladesh
Year of Incorporation & Registration Number	: 1996 [C-31820(941)/96]
Status	: Public Limited Company
Business	: Transmission of Power
Authorised Capital in Taka	: 10 billion
Paid up Capital in Taka	: 4,609.13 million
Turnover in Taka of 2012-2013	: 8,742.78 million
Net profit before tax & WPPF in Taka of 2012-2013	: 2,015.03 million
Transmission Line as on 30.06.2013	: 230 Kv - 3,020.77 circuit km : 132 Kv - 6,080 circuit km
Substations as on 30.06.2013	: 230/132 Kv - 15 Nos. (6,975 MVA) : 132/33 Kv - 84 Nos. (9,705 MVA)
Manpower as on 30.06.2013	: 2,113 persons.
Listed with DSE/CSE	: 9th October 2006



Value Added Statement


for the year ended June 30, 2013

	2013		2012	
	Amount	%	Amount	%
Revenue	7,870,432,616		7,142,208,076	
Less: Payment for Services	619,970,761		490,431,619	
	7,250,461,855		6,651,776,457	
Other Income	872,349,409		940,791,991	
Value Added	8,122,811,264	100.00	7,592,568,448	100.00


Value Distributed:

National Exchequer	1,004,842,371	12.37	638,625,905	8.41
Employee Salaries,wages & other benefits	1,335,462,472	16.44	1,227,984,917	16.17
Interest and other financial expenses	1,653,728,998	20.36	1,629,264,693	21.46
Shareholders Dividend	691,369,487	8.51	838,023,620	11.04
Depriciation & Amortization	3,118,589,542	38.39	2,913,149,751	38.37
Retained Income	318,818,395	3.92	345,519,561	4.55
	8,122,811,265	100.00	7,592,568,447	100.00

Value Added Statement 2012-13



Value Added Statement 2011-12




PGCB's Five-year Review


figure in million

Particulars	Unit	2012-13	2011-12	2010-11	2009-10	2008-09
Key financial figures						
Paid up Capital	Tk.	4,609.12	4,190.12	4,190.12	3,643.58	3,643.58
Gross Fixed Asset	Tk.	88,453.33	84,262.00	75,387.51	70,439.14	67,781.10
Transmission Charge	Tk.	7,672.95	7,020.86	6,155.64	5,854.81	5,584.89
Profit before Tax	Tk.	2,015.03	1,822.17	809.69	2,227.03	2,137.79
Profit after Tax	Tk.	1,010.19	1,183.54	924.60	1,607.01	1,554.67
Total Current Assets	Tk.	18,031.97	14,745.26	15,276.97	13,308.42	12,795.34
Total Current Liabilities	Tk.	11,648.64	9,359.73	7,302.17	3,560.82	3,380.61
Financial Ratios & others						
Return on Average Net Fixed Assets	%	8.74	8.90	6.85	10.41	12.87
Debt Service Coverage Ratio	times	1.90	1.78	1.48	1.98	2.47
Debt - Equity	ratio	69:31	72:28	70:30	71:29	73:27
Accounts Receivable to Sales	mths	1.95	1.98	2.01	2.07	2.10
Current Ratio	ratio	1.55	1.58	2.09	3.73	3.87
No of Share outstanding	Num	460.91	419.00	419.00	364.40	364.40
Dividend per Share (Cash)	%	15	20	15	25	27
Earning per Share	Tk.	2.19	2.82	2.21	4.41	4.24


Transmission Charge Tk.




Profit before Tax Tk.



Profit after Tax Tk.



Earning per Share %



পরিচালকগণের প্রতিবেদন



বিস্মিল্লাহির রাহমানির রাহীম।

প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ,

আসসালামু আলাইকুম!

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) এর সপ্তদশ বার্ষিক সাধারণ সভায় আপনাদের স্বাগত জানাচ্ছি। পিজিসিবি উন্নয়ন ও পরিচালনার আরো একটি স্মরণীয় বৎসর গত ৩০ জুন ২০১৩ তারিখ সমাপ্ত করেছে।

আপনারা অবগত রয়েছেন যে, পিজিসিবি দেশের বিদ্যুতের চাহিদা পূরণ কল্পে একটি দক্ষ ও নিরবিচ্ছিন্ন সঞ্চালন নেটওয়ার্কের পরিকল্পনা, সংগঠন, উন্নয়ন, পরিচালন ও রক্ষণাবেক্ষন করে থাকে। তাছাড়া গবেষণা, ডিজাইন, প্রকৌশল, প্রাথমিক সম্ভাব্যতা যাচাই, বিস্তারিত প্রকল্প প্রতিবেদন প্রণয়ন, লোড বিতরণ, তথ্য প্রযুক্তি ও যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিদ্যুৎ সঞ্চালন সিস্টেম পরিচালনায় সমন্বয় সাধন পিজিসিবি'র অন্যতম কাজ। পিজিসিবি'র ভিশন ও মিশন হলো “সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মান সম্পন্ন বিদ্যুৎ নিরবিচ্ছিন্নভাবে দেশের সকল মানুষের নিকট পৌঁছে দেয়া।”

কোম্পানীর কাঠামো

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর একদল দক্ষ ও অভিজ্ঞ মানব সম্পদের সংগঠন ২৩০ কেভি ৩,০২০.৭৭ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন; ১৩২ কেভি ৬,০৮০ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন; ২টি সুইচিং স্টেশন সহ ১৫টি ২৩০/১৩২ কেভি গ্রীড সাবস্টেশন এবং ৮৪টি ১৩২/৩৩ কেভি গ্রীড সাবস্টেশন দক্ষ ভাবে পরিচালন ও রক্ষণাবেক্ষনের মাধ্যমে বাংলাদেশে বিভিন্ন অঞ্চলের উৎপাদিত বিদ্যুৎ সমগ্র বাংলাদেশে সঞ্চালন করে চলেছে। ভারত হতে বিদ্যুৎ আমদানী-রপ্তানীর জন্য ইতোমধ্যে একটি আঞ্চলিক বিদ্যুতের গ্রীড সিস্টেম এর কাজ শেষ পর্যায়ে রয়েছে যা পরবর্তী ২০১৩-১৪ অর্থ বৎসরের ৫ অক্টোবর ২০১৩ তারিখ চালু করে বিদ্যুৎ আমদানী শুরু করা হয়েছে। এতে বাংলাদেশ সরকারের বিদ্যুৎ খাতে ভর্তুকি হ্রাসে সহায়ক হয়েছে এবং বিদ্যুতের ঘাটতি আংশিক দূরীকরণে সহায়ক হয়েছে। প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার করে নির্ভরযোগ্য বিদ্যুৎ সঞ্চালনের লক্ষ্য অর্জনে পিজিসিবি দক্ষ, কার্যকর মানব সম্পদ কাজে লাগানোর কাজ করে যাচ্ছে। ২০১২-১৩ অর্থ বছরে পিজিসিবিতে অনুমোদিত পদ ছিল ২,৬১৭টি যার বিপরীতে ২,১১৩ জন কর্মরত ছিলেন।

আধুনিক এনএলডিসি'র ব্যবহার

দেশে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন এবং বিতরণ ব্যবস্থাপনায় নিয়ন্ত্রণ ও সমন্বয় সাধনে আধুনিক প্রযুক্তির ন্যাশনাল লোড ডিসপ্যাচ সেন্টার (এনএলডিসি) স্থাপনের পর পিজিসিবি'র দক্ষ প্রকৌশলী ও কারিগরী জনবল তা চালনা ও রক্ষণাবেক্ষন করেছে। এতে সরকারী সিদ্ধান্তমতে দেশের প্রয়োজনের সঙ্গে সঙ্গতি রেখে লোড বিতরণ অধিকতর সহজ হয়েছে। এ কেন্দ্রটির মাধ্যমে আধুনিক কম্পিউটারের ব্যবহার করে সমগ্র দেশে বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্ক উপাত্ত সংগ্রহ, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ সিস্টেম (স্ক্যাডা) এবং বিদ্যুৎ ব্যবস্থাপনা সিস্টেম (ইএমএস) প্রবর্তন করা সম্ভব হয়েছে।

পরিচালন


আপনারা জানেন যে, বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ হওয়াতে দ্রুত বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পাচ্ছে। এ বর্ধনশীল চাহিদা মেটানোর জন্য সরকার বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা বৃদ্ধির বৃহৎ উদ্যোগ গ্রহণ করেছে। ফলশ্রুতিতে বিগত চার বৎসরে উল্লেখযোগ্য ভাবে দেশের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। বিদ্যুৎ সঞ্চালন সিস্টেমের চালনা ও সংরক্ষণের সঙ্গে পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ সঞ্চালন নেটওয়ার্কের ক্ষমতা বৃদ্ধির জন্য বেশ কতগুলো উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছে যাতে নতুন নতুন উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থায় আনা যায়। বিগত ২০১২-১৩ অর্থ বছরে ৩৩,৫৪৯.৮০ মিলিয়ন কিলোওয়াট আওয়ার বিদ্যুৎ পিজিসিবি'র সঞ্চালন নেটওয়ার্কের মাধ্যমে সারা দেশে হুইলিং করা হয়েছে যা পূর্ববর্তী অর্থ বছর অপেক্ষা ৯.৩৫ শতাংশ বেশী। আসছে বছর গুলোতে আরো বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি এবং সঞ্চালন সুবিধা সম্প্রসারণের মাধ্যমে বিদ্যুৎ হুইলিং ক্রমাগত বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।



পিজিসিবি'র সঞ্চালন নেটওয়ার্কের মাধ্যমে ২০০৬-০৭ অর্থ বছর হতে নীট বিদ্যুৎ উৎপাদন এবং সঞ্চালনের একটি পরিসংখ্যান নিচের স্মারনীতে দেখানো হলো :

ক্রমিক নম্বর	অর্থ বছর	নীট বিদ্যুৎ উৎপাদন ১৩২ কেভি এবং উচ্চ স্তরে (মিলিয়ন কিলো ওয়াট আওয়ার)	বিতরণকারী প্রতিষ্ঠানের বিদ্যুৎ সঞ্চালনের পরিমাণ (মিলিয়ন কিলো ওয়াট আওয়ার)
১	২০০৬-২০০৭	২২,৭৭১	২২,০৫৩
২	২০০৭-২০০৮	২৪,২৯৬	২৩,৪৩৫
৩	২০০৮-২০০৯	২৫,২৬৬	২৪,৪৫০
৪	২০০৯-২০১০	২৬,৩৭৬	২৫,৫৬৬
৫	২০১০-২০১১	২৭,৬৪৬	২৬,৮৯৫
৬	২০১১-২০১২	৩১,৫৩৩	৩০,৬৮২
৭	২০১২-২০১৩	৩৪,৫৫৯	৩৩,৫৫৯

স্মারনী-১ঃ বিগত সাত বৎসরের নীট বিদ্যুৎ উৎপাদন এবং সঞ্চালন।



বিগত ২০১২-২০১৩ অর্থ বছরে সঞ্চালন সিস্টেম কার্যকর রাখার উদ্দেশ্যে সংরক্ষন কার্যক্রম জোরদার করা হয়। শুষ্ক শীত মৌসুমে যখন বিদ্যুতের চাহিদা সাধারণ ভাবে কম থাকে সে সময় অর্থাৎ ডিসেম্বর থেকে মার্চ পর্যন্ত- বাৎসরিক সংরক্ষন কার্যক্রম চালানো হয়েছে। দক্ষ সংরক্ষন কার্যক্রমের কারণে কতিপয় ছোট-খাট সমস্যা ব্যতিরেকে বিদ্যুৎ সঞ্চালনে বড় ধরনের কোন বিচ্ছৃতির সম্মুখীন হতে হয়নি। ২০১২-১৩ অর্থ বছরে সমগ্র সিস্টেমে সঞ্চালন লাইনের প্রাপ্যতা ছিল ৯৯.৯৬১৯ শতাংশ এবং গ্রীড উপকেন্দ্রের প্রাপ্যতা ছিল ৯৯.৯৮৩৩ শতাংশ। বিদ্যুৎ বিচ্ছৃতি এবং বিচ্ছৃতি সময় উভয়েই হ্রাস পেয়েছে। বিদ্যুৎ সঞ্চালন লস সামান্য বৃদ্ধি পেয়ে ২.৯২ শতাংশ দাঁড়িয়েছে যা পূর্ববর্তী বৎসর ছিল ২.৭০ শতাংশ।

২০০৬-২০০৭ হতে ২০১২-১৩ পর্যন্ত- সময়ের সঞ্চালন নেটওয়ার্কের প্রাপ্যতা নিচের স্মারনীতে দেখানো হয়েছে :

অর্থ বছর	প্রাপ্যতা	
	সঞ্চালন লাইন	গ্রীড উপকেন্দ্র
২০০৬-২০০৭	৯৯.৯৯১%	৯৯.৯৯১%
২০০৭-২০০৮	৯৯.৯৮৬%	৯৯.৯৯২%
২০০৮-২০০৯	৯৯.৯৭৬%	৯৯.৯৮৩%
২০০৯-২০১০	৯৯.৯৭৮%	৯৯.৯৭৩%
২০১০-২০১১	৯৯.৯৭৮%	৯৯.৯৭৪%
২০১১-২০১২	৯৯.৯৫৮৬%	৯৯.৯৬৯৯%
২০১২-২০১৩	৯৯.৯৬১৯%	৯৯.৯৮৩৩%


স্মারনী -২ঃ বিগত সাত বছরের সঞ্চালন নেটওয়ার্কের প্রাপ্যতা।

২০০৬-২০০৭ অর্থ বছর হতে আলোচ্য ২০১২-২০১৩ অর্থ বছরের সঞ্চালন বিচ্ছৃতি এবং লস এর পরিসংখ্যান নিচে ৩ নম্বর স্মারনীতে

অর্থ বছর	অর্থ বছর সঞ্চালন সিস্টেমের সমস্যার কারনে বিদ্যুৎ বিচ্ছৃতি		শতকরা হিসাবে সঞ্চালন লস
	সংখ্যা	সময় কাল	
২০০৬-২০০৭	২৭	২৩ ঘন্টা ১৭ মিনিট	৩.১৫
২০০৭-২০০৮	৩০	৬৬ ঘন্টা ২০ মিনিট	৩.৫৫
২০০৮-২০০৯	২৩	১৪ ঘন্টা ৫৬ মিনিট	৩.২৩
২০০৯-২০১০	১৪	১৫ ঘন্টা ৫৭ মিনিট	৩.০৭
২০১০-২০১১	১১	১৩ ঘন্টা ৪৭ মিনিট	২.৭২
২০১১-২০১২	৯	৩৪ ঘন্টা ৪৯ মিনিট	২.৭০
২০১২-২০১৩	৬	৭ ঘন্টা ৪৮ মিনিট	২.৯২

স্মারনী -৩ঃ গত সাত বছরের বিদ্যুৎ সঞ্চালন বিচ্ছৃতি এবং লস।

সঞ্চালন লস



উন্নয়ন মূলক কতিপয় প্রকল্প সমাপ্ত হওয়াতে আলোচ্য ২০১২-২০১৩ অর্থ বছর উল্লেখযোগ্য সঞ্চালন লাইন ও উৎপাদন সিস্টেমে যুক্ত হয়েছে। সঞ্চালনের উক্ত অংশ সমাপ্তির দরুন সিলেট অঞ্চলের অতিরিক্ত বিদ্যুৎ উত্তোলনের (Evacuation) একটি পথ উন্মুক্ত হয়েছে। আলোচ্য ২০১২-২০১৩ অর্থ বছর শেষে ২৩০/১৩২ কেভি স্তরে ৪.৫০ শতাংশ এবং ২৩০ কেভি সঞ্চালন লাইনে ১৪.১৪ শতাংশ সার্কিট কিলোমিটার পূর্ববর্তী বৎসর অপেক্ষা বৃদ্ধি পেয়েছে। অধিকন্তু কতিপয় গুরুত্বপূর্ণ প্রকল্প যেমন, বাংলাদেশ-ভারত গ্রীড আন্তঃসংযোগ প্রকল্প বাংলাদেশের ভেড়ামারা হতে ভারতের বহরমপুর পর্যন্ত এবং মেঘনাঘাট-আমিনবাজার ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প সমাপ্তির শেষ ধাপে ছিল। গ্রীড আন্তঃসংযোগ প্রকল্পটি সম্পূর্ণ হলে ভারত হতে ৫০০ মেঃওঃ বিদ্যুৎ আমদানীর সুযোগ সৃষ্টি হবে। প্রকৃত পক্ষে ৫ অক্টোবর ২০১৩ হতে ১৭৫ মেঃওঃ বিদ্যুৎ আমদানী শুরু হয়েছে এবং ৪ ডিসেম্বর ২০১৩ তারিখ ৫০০ মেঃওঃ বিদ্যুৎ আমদানী হয়েছে এবং অনুমোদিত লস সহ অব্যাহত রয়েছে।

বিদ্যুৎ খাতের বর্তমান ও ভবিষ্যৎ অবস্থা:

বিগত দু'দশকে শিল্প কারখানা, কৃষি কাজ, মানব সম্পদ, আধুনিক জীবনযাত্রা, চিকিৎসা ও যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নয়নের ফলে বিদ্যুতের চাহিদা ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশে স্থির মূল্যে জিডিপিতে ২০১২-১৩ অর্থ বছরে বিদ্যুৎ খাতের অবদান ১.৪৫ শতাংশে দাঁড়িয়েছে। মোট চাহিদার বিপরীতে বিদ্যুৎ সুবিধা এখনও অপ্রতুল। বাংলাদেশকে মধ্য আয়ের দেশে উন্নীত করার জন্য এবং উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের বাহন হিসেবে বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণকল্পে সরকার এ খাতে বিভিন্ন মেয়াদি পরিকল্পনা গ্রহণ এবং নিবিড় তদারকিকরনের মাধ্যমে তা বাস্তবায়িত করছে। ফলে বিগত পাঁচ বছরে বিদ্যুৎ খাতে অভাবনীয় সাফল্য অর্জিত হয়েছে। বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২০০৯ সালে ৪,৯৪২ মেগাওয়াট থেকে বৃদ্ধি পেয়ে বর্তমানে ১০,২৬৪ মেগাওয়াটে উন্নীত হয়েছে। এতে করে মাথাপিছু বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ২২০ কিলোওয়াট আওয়ার থেকে ৩২১ কিলোওয়াট আওয়ার, বিদ্যুৎ সুবিধা প্রাপ্ত জনগোষ্ঠীর হার ৪৭ শতাংশ থেকে বর্তমানে ৬২ শতাংশে উন্নীত হয়েছে। বিদ্যুতের মহাপরিকল্পনা অনুযায়ী ২০২১ সালের মধ্যে প্রায় ২৪,০০০ মেগাওয়াট এবং ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ এবং বাস্তবায়ন কার্যক্রম চলছে। বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনার সঙ্গে তাল মিলিয়ে সঞ্চালন ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে ২০২১ সালের মধ্যে ৬ হাজার সার্কিট কিলোমিটার নতুন সঞ্চালন লাইন, প্রয়োজনীয় উপকেন্দ্র নির্মাণ/ক্ষমতাবর্ধন এবং নতুন নতুন উচ্চ ভোল্টেজের লাইন নির্মাণ প্রয়োজন হবে। পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ সরকারের বিদ্যুৎ উৎপাদনের সাথে সঙ্গতি রেখে সঞ্চালন নেটওয়ার্ক সম্প্রসারণ এবং সঞ্চালন ক্ষমতা বৃদ্ধির কার্যক্রম চালিয়ে যাচ্ছে। কোম্পানীর ভবিষ্যৎ খুবই সম্ভাবনাময় বলে সংক্ষেপে বলা যায়।

ঝুঁকি ও উদ্বেগ সমূহ:

বাংলাদেশ অভ্যুদয়ের পর হতেই বিদ্যুতের চাহিদা ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পাচ্ছে। বিদ্যুৎ ব্যবস্থা উন্নয়নে প্রয়োজনীয় জনবল দেশেই সৃষ্টি হচ্ছে। সঞ্চালন ব্যবস্থা উন্নয়নের যন্ত্রপাতি ও সাজ সরঞ্জাম উল্লেখযোগ্য মাত্রায় দেশে উৎপাদিত হয়না। বিদেশ থেকেই সেগুলো আমদানী করতে হচ্ছে। সাম্প্রতিক বৎসর গুলোতে কিছু কিছু ১৩২/৩৩ কেভি ট্রান্সফরমার, সঞ্চালন লাইন স্থাপনের টাওয়ারের সেকশন ইত্যাদি দু'-একটি প্রতিষ্ঠান উৎপাদন শুরু করেছে। সঞ্চালন লাইনের কন্ডাক্টর, ইন্সুলেটর ইত্যাদিও বিদেশ হতে আমদানী করতে হয়। উন্নতমানের ঐ সকল সরঞ্জাম দেশে উৎপাদিত হলে বিদেশের উপর নির্ভরশীলতা হ্রাস পেতো। যা হোক, প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সাজ সরঞ্জাম বিদেশ থেকে আমদানীতে এখনো উল্লেখযোগ্য সমস্যার সম্মুখীন হতে হয়নি।

বিদ্যুৎ সেক্টরের যে কোন উন্নয়নের জন্য বিপুল পরিমাণে বিনিয়োগ প্রয়োজন হয়। পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর জন্য এ বিষয়টি বাস্তবে উদ্বেগের বিষয়। তবে সরকার সঞ্চালন ব্যবস্থা উন্নয়নে উন্নয়ন সহযোগী বিদেশী প্রতিষ্ঠান এবং ব্যাংক হতে এখন পর্যন্ত সহজ শর্তে ঋণ যোগাড় করে দিচ্ছে। উন্নয়ন প্রকল্প সমূহে সরকারও ঋণ সহায়তা দিয়ে যাচ্ছে। পিজিসিবি'র নিজস্ব তহবিল হতেও উন্নয়ন প্রকল্প সমূহে বিনিয়োগ করা হচ্ছে। এমনকি সাম্প্রতিক বৎসর গুলোতে দু'-তিনটি করে উন্নয়ন প্রকল্প সম্পূর্ণ নিজস্ব তহবিল দিয়েই সম্পন্ন করা হচ্ছে।

কোম্পানীর চলমান অবস্থা (Continuity):

আলোচ্য ২০১২-২০১৩ অর্থ বছরে পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর কোন বিশেষ মুনাফার অবস্থা সৃষ্টি হয়নি। বিগত কয়েক বৎসরের মুনাফার ঝাঁক আলোচ্য বছরও বজায় রয়েছে। উক্ত আর্থিক বৎসর কোম্পানী উল্লেখযোগ্য কোন ক্ষতির সম্মুখীন হয়নি। কোম্পানীর চলমান অবস্থা বজায় রয়েছে। আগামীতেও ক্ষতির কোন আশংকা করা হচ্ছেনা। তবে দেশের স্থিতিশীল রাজনৈতিক অবস্থা কোম্পানীর অগ্রযাত্রা অব্যাহত রাখার জন্য খুবই সহায়ক হবে।

সকল রিলেটেড পার্টি লেনদেন বিবরণঃ

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর উদ্যোক্তা শেয়ারহোল্ডার বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) যে সকল অঞ্চলে বিদ্যুৎ বিতরণের দায়িত্ব পালন করে সে সকল অঞ্চলে বিদ্যুৎ সঞ্চালনের দায়িত্ব পিজিসিবি পালন করে আসছে। আলোচ্য ২০১২-১৩ অর্থ বছরে কোম্পানী ৭,৪১০.৭৬ মিলিয়ন কিলোওয়াট আওয়ার বিদ্যুৎ সঞ্চালন করে বিউবো এর নিকট টাকা ১৬৯,৯০,২১,৮৮৮/- পাওনা হয় যা তাদের নিকট কোম্পানীর দেনার সঙ্গে সমন্বয় করা হয়েছে। তাছাড়া ষষ্ঠ ভেভর এগ্রিমেণ্টের ফলে কোম্পানী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিকট থেকে প্রাপ্ত গ্রীড উপকেন্দ্র ও সঞ্চালন লাইন বাবদ টাকা ৪৪০.৬৮ কোটি এর সম্পদ আনুষ্ঠানিক ভাবে প্রাপ্ত হয়েছে। উক্ত সম্পদের মধ্যে টাকা ২০৬.০৪ কোটি প্রকল্প ঋণ প্রদানকারী বা অর্থায়নকারীর পাওনা যা কোম্পানী ঋণ চুক্তির শর্ত মতে পরিশোধ করবে এবং টাকা ২৩৪.৬৪ কোটি চুক্তির শর্ত মতে কোম্পানীর শেয়ার বিউবো এর অনুকূলে প্রদান প্রয়োজন হবে।

২০১২-২০১৩ অর্থ বছরের উন্নয়ন কর্মসূচী

আলোচ্য অর্থ বছর পিজিসিবি'র নিজস্ব অর্থায়নে তিনটি এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১১টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন ছিল।

চলমান প্রকল্পসমূহের তালিকা

ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অর্থ বছর ২০১২-১৩ এর অন্তর্ভুক্ত প্রকল্প সমূহ

- * নতুন গ্রীড উপকেন্দ্র নির্মাণ এবং সঞ্চালন লাইন সুবিধাসহ গ্রীড উপকেন্দ্রের সম্প্রসারণ;
- * মেঘনাঘাট-আমিনবাজার ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প (ফেইজ-১), (এন জি-১);
- * আমিনবাজার-পুরাতন বিমানবন্দর (২৩০ কেভি সঞ্চালন লাইন এবং সংশ্লিষ্ট গ্রীড উপকেন্দ্র) প্রকল্প;
- * গ্রীড উপকেন্দ্র সমূহে রিএক্টিভ পাওয়ার কম্পেনসেশনের মাধ্যমে সঞ্চালন দক্ষতা উন্নয়ন এবং গোয়ালপাড়া গ্রীড উপকেন্দ্র শক্তিশালীকরণ;
- * সিদ্ধিরগঞ্জ-মানিকগন ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প;
- * হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং সংশ্লিষ্ট গ্রীড সাবস্টেশন (পিজিসিবি অংশ) প্রকল্প;
- * বাংলাদেশ (ভেড়ামারা) এবং ভারত (বহরমপুর) এর মধ্যে গ্রীড আন্তঃসংযোগ প্রকল্প;
- * বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন (এন জি-২) প্রকল্প;
- * বিবিয়ানা-কুমিল্লা (উত্তর) ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প;
- * জাতীয় বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প এবং
- * পূর্বাঞ্চলে ১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প।

খ) নিজস্ব অর্থায়নে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বর্হিভূত প্রকল্প সমূহ

- * বরিশাল-ভোলা ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প;
- * কুলাউড়া এবং শেরপুর সংযোগ লাইনসহ দু'টি নতুন ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র প্রকল্প এবং
- * গোয়ালপাড়া-বাগেরহাট ১৩২ কেভি ডবল সার্কিট সঞ্চালন লাইন প্রকল্প।

অর্থ বছর ২০১২-১৩ এর চলমান উন্নয়ন প্রকল্প সমূহের বিস্তারিত বর্ণনা

ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচী ভুক্ত প্রকল্প সমূহ

১। সঞ্চালন লাইন সুবিধাসহ গ্রীড উপকেন্দ্রের নির্মাণ এবং সম্প্রসারণ

উদ্দেশ্য	ক) দাউদকান্দি, মেঘনাঘাট, মুন্সিগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া এবং গল্পামারী এলাকার ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানো; খ) আমিনবাজার, রামপুরা, হরিপুর, কুমিল্লা, হাটহাজারী এবং হাসনাবাদ গ্রীড উপকেন্দ্রের ট্রান্সফরমার সমূহের ওভারলোড হ্রাসকরণ। গ) সামগ্রিক সঞ্চালন সিস্টেমের সঞ্চালন লস হ্রাস।
প্রধান উপাদান	ক) দাউদকান্দি, মেঘনাঘাট, মুন্সিগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া এবং গল্পামারীতে ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ; খ) উল্লেখিত গ্রীড সাবস্টেশন সমূহের জন্য ৮৫ কিমি. সঞ্চালন লাইন নির্মাণ; গ) আমিনবাজার, রামপুরা এবং হরিপুরে ২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্র সম্প্রসারণ; ঘ) কুমিল্লা এবং হাটহাজারীতে ২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্র সম্প্রসারণ। ঙ) হাসনাবাদে ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র সম্প্রসারণ।
প্রকল্প বাস্তবায়নের ঠিকাদার	সিমেন্স এজি, জার্মানী; সিমেন্স লিঃ, বাংলাদেশ; সিমেন্স লিঃ, ভারত; সিসিসি, চায়না; হাইসাং, কোরিয়া; এবিবি লিঃ, ভারত এবং এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিঃ, বাংলাদেশ যৌথ উদ্যোগ।
প্রাক্কলন	মোট টাকা: ৭,৭০৩.০৫ মিলিয়ন প্রকল্প খণ্ড: টাকা ৪,৬০০.০০ মিলিয়ন
অর্থের উৎস	এশীয় উন্নয়ন ব্যাংক, জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী এবং বাংলাদেশ সরকার
২০১২-২০১৩ অর্থ বছরে অগ্রগতি	৪.১১ শতাংশ।
জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	৯৭.৮৭ শতাংশ।
সম্পন্নের সময়	২০১৩-২০১৪

২। মেঘনাঘাট-আমিনবাজার ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প (ফেইজ-১)

উদ্দেশ্য	ক) মেঘনাঘাট বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ ঢাকার পশ্চিম এলাকায় প্রেরণ। খ) সমগ্র সঞ্চালন সিস্টেমের সঞ্চালন লস হ্রাস।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ৫০ কি.মি. দীর্ঘ ৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ। খ) মেঘনাঘাট এবং আমিনবাজার গ্রীড সাবস্টেশনে চারটি ২৩০কেভি বে নির্মাণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	ক) স্যামসং ও হ্যানবেক, কোরিয়া এর যৌথ উদ্যোগ। খ) এবিবি ইন্ডিয়া লিঃ, ইন্ডিয়া।
প্রাক্কলন	মোট টাকা: ২,৭৩৬.৮০ মিলিয়ন প্রকল্প খণ্ড টাকা: ১,৫৪৩.৫০ মিলিয়ন
অর্থের উৎস	এডিবি এবং বাংলাদেশ সরকার।
২০১২-২০১৩ অর্থ বছরে অগ্রগতি	৩১.৫০ শতাংশ।
জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	৯৩.০৭ শতাংশ।
সম্পন্নের সময়	জুন ২০১৪।

৩। আমিনবাজার-পুরাতন বিমান বন্দর ২৩০ কেভি সঞ্চালন লাইন এবং সংশ্লিষ্ট গ্রীড উপকেন্দ্র প্রকল্প

উদ্দেশ্য	ক) ঢাকার পশ্চিম অংশে নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ এবং ক্রমবর্ধমান চাহিদা মেটানো। খ) সমগ্র সঞ্চালন সিস্টেমের সঞ্চালন লস হ্রাস।
প্রকল্পের প্রধান উপাদান	ক) আন্ডারগ্রাউন্ড ছয় কিলোমিটার সহ ১০ কিলোমিটার ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ। খ) ১৫ কিলোমিটার আন্ডারগ্রাউন্ড ১৩২ কেভি সঞ্চালন লাইন নির্মাণ। গ) পুরাতন বিমানবন্দর ২৩০/১৩২/৩৩ কেভি GIS গ্রীড উপকেন্দ্র নির্মাণ। ঘ) ক্যান্টনমেন্ট এবং ঢাকা বিশ্ববিদ্যালয় (সাতমসজিদে স্থানান্তর) এলাকায় ১৩২/৩৩ কেভি GIS গ্রীড উপকেন্দ্র নির্মাণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	সিসিসি-ইটার্ণ, চায়না; সিমেন্স, জার্মানী; সিমেন্স লিঃ, ইন্ডিয়া এবং সিমেন্স লিঃ বাংলাদেশ, যৌথ উদ্যোগ।
প্রাক্কলন	মোট টাকা: ৬,৫২৭.২০ মিলিয়ন প্রকল্প ঋণ টাকা: ৩,৭২৫.২৩ মিলিয়ন
অর্থের উৎস	এডিবি এবং বাংলাদেশ সরকার
২০১২-২০১৩ বছরে অগ্রগতি	২৩.৬৬ শতাংশ।
জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	৯৪.৪৬ শতাংশ।
সম্পন্নের সময়	জুন, ২০১৪

৪। বিভিন্ন গ্রীড উপকেন্দ্রে রিএক্টিভ পাওয়ার কমপেনসেশনের মাধ্যমে সঞ্চালন দক্ষতা বৃদ্ধি এবং গোয়ালপাড়া গ্রীড সাবস্টেশনের ক্ষমতা বৃদ্ধি করা

উদ্দেশ্য	নির্ভরযোগ্য ভোল্টেজ লেভেল রক্ষা এবং সামগ্রিক সঞ্চালন সিস্টেমের সঞ্চালন লস হ্রাস।
প্রকল্পের প্রধান উপাদান	মোট ২৪টি ১৩২/৩৩ কেভি গ্রীড সাবস্টেশনে ৩৩ কেভি প্রান্তে মোট ৬০০ মেগাভার ক্যাপাসিটর ব্যাংক স্থাপন।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং, বাংলাদেশ।
প্রাক্কলন	মোট টাকা: ২,০৪৫.২৮ মিলিয়ন প্রকল্প ঋণ টাকা: ১,৩৯৭.৯৯৫ মিলিয়ন
অর্থের উৎস	KfW এবং বাংলাদেশ সরকার
২০১২-২০১৩ বছরে অগ্রগতি	১৯.৮২ শতাংশ।
জুন ২০১২ পর্যন্ত অগ্রগতি	৯৯.২৪ শতাংশ।
সম্পন্নের সময়	২০১৩ -২০১৪



৫। সিদ্ধিরগঞ্জ-মানিকগঞ্জ ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প

উদ্দেশ্য	ক) সিদ্ধিরগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ ইভাকুয়েশন। খ) মানিকগঞ্জ এবং তদসংলগ্ন এলাকার ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানো।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ১১ কিলোমিটার ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ। খ) সিদ্ধিরগঞ্জে ২৩০/১৩২ কেভি ২X২২৫ এমভিএ এবং মানিকগঞ্জে ২৩০/১৩২ কেভি ২X৩০০ এমভিএ গ্রীড সাবস্টেশন স্থাপন।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	ক) কেইসি ইন্টারন্যাশনাল, ভারত; খ) শংডং উজহু ও শেংডং টাইকাই, চীন যৌথ উদ্যোগ।
প্রাক্কলন	মোট টাকা: ৩,৯১৭.২৫ মিলিয়ন প্রকল্প ঋণ টাকা: ২,৯১৪.৮৩১ মিলিয়ন
অর্থের উৎস	বিশ্বব্যাংক এবং বাংলাদেশ সরকার।
২০১২-২০১৩ অর্থ বছরে অগ্রগতি	১৩.৮০ শতাংশ।
জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	৮৯.০০ শতাংশ।
সম্পন্নের সময়	জুন ২০১৪।

৬। হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট এবং সংশ্লিষ্ট গ্রীড সাবস্টেশন (পিজিসিবি অংশ) নির্মাণ

উদ্দেশ্য	হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ ইভাকুয়েশন।
প্রকল্পের প্রধান উপাদান	ক) হরিপুর ১৩২/৩৩ কেভি গ্রীড সাবস্টেশন স্থানান্তর এবং খ) সুইচগিয়ার সমন্বয়যোগ্য করা।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	মারবিনি, জাপান।
প্রাক্কলন	মোট টাকা: ১,৭৪২.৬৬৫ মিলিয়ন প্রকল্প ঋণ টাকা: ১,২৪৯.৪৭৪ মিলিয়ন
অর্থের উৎস	জাইকা এবং বাংলাদেশ সরকার।
২০১২-২০১৩ বছরে অগ্রগতি	২৫.০১ শতাংশ।
জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	৯১.৯৮ শতাংশ।
সম্পন্নের সময়	জুন ২০১৪।

৭। বাংলাদেশ (ভেড়ামারা) এবং ভারত (বহরমপুর) গ্রীড আন্তঃ সংযোগ প্রকল্প

উদ্দেশ্য	ক) বাংলাদেশ এবং ভারতের মধ্যে বিদ্যুৎ বিনিময় সুবিধা তৈরী। খ) ভারতের সঙ্গে একটি গ্রীড সংযোগ স্থাপন। গ) বাংলাদেশের বিদ্যুৎ সংকট কিছুটা লাঘব করা।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ২৭ কিলোমিটার ৪০০ কেভি ডবল সার্কিট এসি সঞ্চালন লাইন নির্মাণ। খ) ৪০০ কেভি ব্যাক টু ব্যাক এইচভিডিসি ৫০০ মেঃওঃ স্টেশন ভেড়ামারায় নির্মাণ। গ) ৪.৫ কিলোমিটার ২৩০ ডবল সার্কিট লাইন ইন লাইন আউট সঞ্চালন লাইন।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	ক) কোবরা, স্পেন খ) সিমেন্স, জার্মানী গ) জিএস ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন কর্পোরেশন, কোরিয়া।
প্রাক্কলন	মোট টাকা: ১৫,৭৯৮.২৯৭ মিলিয়ন প্রকল্প ঋণ টাকা: ৯,১০৭.০৪৩ মিলিয়ন
অর্থের উৎস	এডিবি এবং বাংলাদেশ সরকার।
২০১২-২০১৩ অর্থ বছরে অগ্রগতি	৫৪.০৬ শতাংশ।
জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	৯০.০০ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	জুন ২০১৪।

৮। বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি সম্বলন লাইন এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সম্বলন লাইন প্রকল্প

উদ্দেশ্য	ক) আসন্ন বিবিয়ানা বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ ইভাকুয়েশন। খ) সিলেট অঞ্চলের অতিরিক্ত বিদ্যুৎ ইভাকুয়েশন। গ) ঢাকা মহানগরের উত্তর-পশ্চিমাংশে পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ১৬৮ কিলোমিটার ৪০০ কেভি ডবল সার্কিট বিবিয়ানা-কালিয়াকৈর লাইন। খ) ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি ডবল সার্কিট ৩২ কিলোমিটার সম্বলন লাইন। গ) কালিয়াকৈরে ৪০০/২৩০ কেভি ২X৫২০ এমভিএ এবং ৪০০/১৩২ কেভি ২X৩০০ এমভিএ সাবস্টেশন। ঘ) ফেঞ্চুগঞ্জে ২৩০/১৩২ কেভি ১X৩০০ এমভিএ গ্রীড সাবস্টেশন নির্মাণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	ক) এইচজি পাওয়ার খ) হিয়োসুংগ এবং গ) এবিবি ইন্ডিয়া লিঃ।
প্রাক্কলন	মোট টাকা: ১৪,৬৪৯.৯৪১ মিলিয়ন প্রকল্প ঋণ টাকা: ৬,৪২৬.৯০ মিলিয়ন
অর্থের উৎস	ইডিসিএফ, কোরিয়া এবং বাংলাদেশ সরকার।
২০১২-২০১৩ অর্থ বছরে অগ্রগতি	১৬.১১ শতাংশ।
জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	৪৯.৬০ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	ডিসেম্বর ২০১৪।

৯। বিবিয়ানা-কুমিল্লা (উত্তর) ২৩০ কেভি সম্বলন লাইন

উদ্দেশ্য	সিলেট এবং ফেঞ্চুগঞ্জ এলাকার অতিরিক্ত বিদ্যুৎ ইভাকুয়েশন।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ২৩০ কেভি ১৬০ কিলোমিটার ডবল সার্কিট লাইন। খ) কুমিল্লা (উত্তর) গ্রীড উপকেন্দ্রে দু'টি ২৩০ কেভি বে নির্মাণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	ক) সেনার্জি, ইরান; জ্যোতি, ভারত এবং এইচজি পাওয়ার, মালয়েশিয়া খ) এবিবি ইন্ডিয়া লিঃ।
প্রাক্কলন	মোট টাকা: ৩,৭৮৩.৩৯৪ মিলিয়ন
অর্থের উৎস	বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১২-২০১৩ অর্থ বছরে অগ্রগতি	৯.৯১ শতাংশ।
জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	১০০ শতাংশ।
সম্পন্নের সময়	২০১২ -২০১৩।



১০। জাতীয় বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প

উদ্দেশ্য	ক) শিকলবাহাতে প্রস্তাবিত ২২৫ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ উত্তোলন। খ) রামপুর এবং শিকলবাহা এর মাধ্যমে চট্টগ্রাম মহানগরে নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ। গ) এগারটি নতুন ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রের মাধ্যমে সমগ্র দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরন।
প্রকল্পের প্রধান উপাদান	ক) চট্টগ্রাম অঞ্চলে পাঁচ কিলোমিটার ভূগর্ভস্থ ৭৫ কিলোমিটার ডবল সার্কিট সঞ্চালন লাইন। খ) প্রায় ১৬৮ কিলোমিটার ১৩২ কেভি ডবল সার্কিট লাইন। গ) প্রায় ১৪ কিলোমিটার ১৩২ কেভি চার সার্কিট লাইন। ঘ) চট্টগ্রাম অঞ্চলে দু'টি ২৩০/১৩২ কেভি ২X৬০০ এমভিএ এবং দেশব্যাপী এগারটি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র (মোট ১,১৯৫ এমভিএ)।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	এখনো প্রকল্পের কোন অংশের জন্য ঠিকাদার নিয়োজিত হয়নি।
প্রাক্কলন	মোট টাকা: ২৪,২৬৬.০৮১ মিলিয়ন প্রকল্প ঋণ টাকা: ১৭,৬৭৫.২৫৯ মিলিয়ন
অর্থের উৎস	জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী এবং বাংলাদেশ সরকার।
২০১২-২০১৩ অর্থ বছরে অগ্রগতি	২.০০ শতাংশ।
জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	২.০০ শতাংশ।
সম্পন্নের সময় সীমা	জানুয়ারী ২০১৩ হতে জুন ২০১৭।

১১। পূর্বঞ্চলে ১৩২ কেভি সঞ্চালন নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প

উদ্দেশ্য	ক) ময়মনসিংহ এলাকায় বিদ্যুৎ সরবরাহের নির্ভরযোগ্যতা বৃদ্ধি। খ) রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বিয়ানিবাজার এবং সুনামগঞ্জ এর ক্রমবর্ধমান চাহিদা পূরন এবং পার্বত্য এলাকায় নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ। গ) বর্তমান আশুগঞ্জ-ঘোড়াশাল ১৩২ কেভি সঞ্চালন লাইনের ওভারলোড হ্রাসকরা।
প্রকল্পের প্রধান উপাদান	ক) প্রায় ২৩৭ কিলোমিটার ১৩২ কেভি ডবল সার্কিট লাইন। খ) প্রায় ৫৮ কিলোমিটার সিঙ্গেল সার্কিট ১৩২ কেভি লাইন। গ) রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বিয়ানিবাজার, সুনামগঞ্জ (প্রতিটি ৮২ এমভিএ) ১৩২/৩৩ কেভি চারটি গ্রীড উপকেন্দ্র (মোট ৩২৮ এমভিএ)। ঘ) নরসিংদী গ্রীড উপকেন্দ্রে ১৩২/৩৩ কেভি ৫০/৭৫ এমভিএ ট্রান্সফরমার স্থাপন এবং উপকেন্দ্রটিকে ডবল বাসবারে পরিবর্তন।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	এখনো প্রকল্পের কোন অংশের জন্য নিয়োজিত হয়নি।
প্রাক্কলন	মোট টাকা: ৯,৮৬৮.৪০২ মিলিয়ন প্রকল্প ঋণ টাকা: ৬,৯৩২.২৬৮ মিলিয়ন
অর্থের উৎস	এশীয় উন্নয়ন ব্যাংক এবং বাংলাদেশ সরকার।
২০১২-২০১৩ অর্থ বছরে অগ্রগতি	২.০০ শতাংশ।
জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	২.০০ শতাংশ।
সম্পন্নের সময়	জানুয়ারী ২০১৩ হতে জুন ২০১৬।

খ) নিজস্ব অর্থায়নে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বহির্ভূত প্রকল্প সমূহ

১। বরিশাল-ভোলা-বোরহানুদ্দিন ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প

উদ্দেশ্য	আসন্ন ভোলা বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ ইভাকুয়েশন।
প্রকল্পের প্রধান প্রধান অংশ	ক) ৬১ কিলোমিটার ২৩০ কেভি সঞ্চালন লাইন এবং খ) বরিশালে ২৩০/১৩২ কেভি ৩X৩০০ এমভিএ গ্রীড উপকেন্দ্র নির্মাণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	কে ই সি ইন্টারন্যাশনাল, ভারত।
প্রাক্কলিত ব্যয়	মোট টাকা: ৪,৫৩৪.২৬ মিলিয়ন এবং বৈদেশিক মুদ্রা: টাকা ১,৬৭০.১৮ মিলিয়ন।
অর্থায়নের উৎস	পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
২০১২-২০১৩ অর্থ বছরে অগ্রগতি	২৯.৮০%
জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	৩৫.৮০%
সমাপ্তকরণ সময়	ডিসেম্বর ২০১৪।

২। কুলাউড়া এবং শেরপুর এ সংযোগ লাইনসহ দু'টি নতুন গ্রীড উপকেন্দ্র

উদ্দেশ্য	কুলাউড়া এবং শেরপুর এ নির্ভরযোগ্য এবং ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানো।
প্রকল্পের প্রধান প্রধান অংশ	ক) ৪৫ কিলোমিটার ১৩২ কেভি সঞ্চালন লাইন এবং খ) কুলাউড়া এবং শেরপুরে ১৩২/৩৩ কেভি, ২ X ২৫/৪১ এমভিএ গ্রীড উপকেন্দ্র নির্মাণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	ক) কে ই সি ইন্টারন্যাশনাল, ভারত এবং খ) এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিঃ, বাংলাদেশ।
প্রাক্কলিত ব্যয়	মোট টাকা: ২,১৭৪.৭০ মিলিয়ন এবং বৈদেশিক মুদ্রা: টাকা ১,২৭২.৩১ মিলিয়ন।
অর্থায়নের উৎস	পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
২০১২-২০১৩ অর্থ বছরে অগ্রগতি	২৭%
জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	৪৬.১১%
সমাপ্তকরণ সময়	ফেব্রুয়ারী ২০১৪।

৩। গোয়ালপাড়া-বাগেরহাট ১৩২ কেভি ডাবল সার্কিট ট্রান্সমিশন লাইন প্রকল্প

উদ্দেশ্য	গোয়ালপাড়া বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ ইভাকুয়েশন।
প্রকল্পের প্রধান প্রধান অংশ	ক) ৪৫ কিলোমিটার ১৩২ কেভি সঞ্চালন লাইন এবং খ) তিনটি বে সম্প্রসারণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	ক) কে ই সি ইন্টারন্যাশনাল, ভারত এবং খ) এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিঃ, বাংলাদেশ।
প্রাক্কলিত ব্যয়	মোট টাকা: ৮৯২.১৫৪ মিলিয়ন এবং বৈদেশিক মুদ্রা: টাকা ৪৪১.৭০২ মিলিয়ন।
অর্থায়নের উৎস	পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
২০১৩-২০১৪ অর্থ বছরে অগ্রগতি	৮.০০%
জুন ২০১৩পর্যন্ত অগ্রগতি	৮.০০%
সমাপ্তকরণ সময়	জুন ২০১৫।

নির্মাণ কাজের জন্য ২০১২-১৩ বছর স্বাক্ষরীত চুক্তি সমূহ নিচে উল্লেখ করা হলো

ক্রঃ নং	কাজের বিবরণ	চুক্তি স্বাক্ষরের তারিখ ও প্রতিষ্ঠান	কার্য সম্পাদনের সময়	অর্থায়নের উৎস
১	রাজউক উত্তরা ৩য় ফেজে টঙ্গী-মিরপুর ১৩২ কেভি সঞ্চালন লাইন এর টি-৪৭ হতে টি-৫২ পর্যন্ত অংশ পরিবর্তন করে ডবল সার্কিট ভূগর্ভস্থ সঞ্চালন লাইন নির্মাণ।	২৫ এপ্রিল ২০১৩ কনসোলিডিয়াম অফ এল এস ক্যাবল এন্ড সিস্টেমস লিঃ এবং হ্যানবেক কোম্পানী লিঃ	নয় মাস	রাজউকের অর্থে ডিপোজিট কাজ।
২	টেটিয়া-কানাইনগরের মধ্যে মেঘনা নদীর উপর ১৩২ কেভি সঞ্চালন লাইন নির্মাণ যা নদী তলদেশের ক্যাবল লাইন পরিবর্তন করবে।	৪ জুন ২০১৩ হ্যানবেক কোম্পানী ও সেজং করপোরেশনের যৌথ উদ্যোগ	বার মাস	পিজিসিবি
৩	জামালপুর হতে শেরপুর পর্যন্ত ডবল সার্কিট ১৩২ কেভি সঞ্চালন লাইন এবং ফেঞ্চুগঞ্জ হতে কুলাউড়া পর্যন্ত ১৩২ কেভি ডবল সার্কিট সঞ্চালন লাইন।	৮ আগস্ট ২০১৩ কেইসি ইন্টারন্যাশনাল লিঃ, ভারত।	আঠার মাস	পিজিসিবি
৪	খুলনা সেন্ট্রাল ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রে তিনটি ১৩২ কেভি এআইএস বে সম্প্রসারণ এবং বাগেরহাট ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রে একটি বে সম্প্রসারণ।	২৫ মার্চ ২০১৩ এনার্জিপ্যাক লিঃ, বাংলাদেশ।	ডিসেম্বর ২০১৩	পিজিসিবি'র নিজস্ব তহবিল
৫	পিজিসিবি বিভিন্ন গ্রীড উপকেন্দ্রের জন্য ২৩০ কেভি; ১৩২ কেভি ও ৩৩ কেভি লাইটিং এরেষ্টর, ১৩২ কেভি কারেন্ট ট্রান্সফরমার এবং ১৩২ কেভি ভোল্টেজ ট্রান্সফরমার সরবরাহ।	৫ আগস্ট ২০১৩ ক্রোস্পট গ্রীডস ইন্ডিয়া লিঃ, ভারত।	আট মাস	পিজিসিবি'র নিজস্ব তহবিল
৬	বিবিয়ানায় ২৩০ কেভি এআইএস সুইচিং স্টেশন নির্মাণ।	২৯ নভেম্বর ২০১৩ এবিবি ইন্ডিয়া লিঃ, ভারত।	৭ মে ২০১৪	পিজিসিবি'র নিজস্ব তহবিল



অর্থ বছর ২০১২-১৩ এর অর্জন সমূহ

বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মধ্যে আলোচ্য ২০১২-১৩ বছর নিম্নে উল্লেখিত সঞ্চালন লাইন এবং গ্রীড উপকেন্দ্র নির্মাণের পর চালু করা হয়েছে

ক্রমিক নং	লাইন/উপকেন্দ্রের নাম	দৈর্ঘ্য/ক্ষমতা	মন্তব্য
১	ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি ডবল সার্কিট লাইন	৬৬.৩৭ সার্কিট কিলোমিটার।	সিলেট অঞ্চলের বিদ্যুৎ উত্তোলনের জন্য পিজিসিবি'র নিজস্ব অর্থে এ সকল লাইন এবং গ্রীড উপকেন্দ্র খুবই কম সময়ে নির্মাণ করা হয়েছে।
২	বিবিয়ানা-কুমিল্লা (উত্তর) ২৩০ কেভি ডবল সার্কিট লাইন।	৩০৭.১০ সার্কিট কিলোমিটার।	ফলে সিলেট অঞ্চলের উদ্বৃত্ত বিদ্যুৎ উত্তোলনের সমস্যা উক্ত অবকাঠামোর মাধ্যমে সমাধান হয়েছে।
৩	ফেঞ্চুগঞ্জ ২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্র	-	এটাকে বৎসরের সেরা অর্জন বিবেচনা করা যায়।

স্মারনী -৪ঃ ২০১২-১৩ অর্থ বছরে সমাপ্ত সঞ্চালন লাইন এবং গ্রীড উপকেন্দ্র।

পিজিসিবি'র পরিচালন ও সংরক্ষণে ২০১২-১৩ অর্থ বছর শেষে অবকাঠামোর পরিমাণ নিম্নরূপ ছিল

১।	২৩০ কেভি সঞ্চালন লাইন	:	৩,০২০.৭৭ সার্কিট কি.মি.।
২।	১৩২ কেভি সঞ্চালন লাইন	:	৬,০৮০ সার্কিট কি.মি.।
৩।	২৩০/১৩২ কেভি উপকেন্দ্র	:	সংখ্যা - ১৫ টি (দু'টি সুইচিং স্টেশন সহ), ক্ষমতা-৬,৯৭৫ এমভিএ।
৪।	১৩২/৩৩ কেভি উপকেন্দ্র	:	সংখ্যা - ৮৪ টি, ক্ষমতা- ৯,৭০৫ এমভিএ।

বছর ভিত্তিক পিজিসিবি'র ব্যবস্থাপনাধীন বিদ্যুৎ সঞ্চালন অবকাঠামো নিচে বর্ণনা করা হলো

অর্থ বছর	সঞ্চালন লাইন (সার্কিট কি.মি.)			গ্রীড উপকেন্দ্র					
	২৩০ কেভি	১৩২ কেভি	৬৬ কেভি	২৩০/১৩২ কেভি		১৩২/৩৩ কেভি		৬৬/৩৩/১১ কেভি	
				সংখ্যা	ক্ষমতা এমভিএ	সংখ্যা	ক্ষমতা এমভিএ	সংখ্যা	ক্ষমতা এমভিএ
২০০৬-২০০৭	১,৪৬৬	৫,৫২৯.৬	১৬৭	১০টি	৫,১৭৫	৭০টি	৭,২১৯	২টি	২৫.৬
২০০৭-২০০৮	২,৩১৪.৫	৫,৫৩৩.৬	১৬৭	১২টি	৫,৮৫০	৭১টি	৭,৫২৬	২টি	২৫.৬
২০০৮-২০০৯	২,৬৪৪.৫	৫,৬০৭.৬	-	১৩টি	৬,০৭৫	৭১টি	৭,৩৯৯	-	-
২০০৯-২০১০	২,৬৪৭.৩	৫,৬৭০.৩	-	১৩টি	৬,৩০০	৭৫টি	৭,৮৪৪	-	-
২০১০-২০১১	২,৬৪৭.৩	৬,০১৮	-	১৩টি	৬,৬৭৫	৮১টি	৮,৪৩৭	-	-
২০১১-২০১২	২,৬৪৭.৩	৬,০৮০	-	১৩টি	৬,৬৭৫	৮৩টি	৮,৭৩৭	-	-
২০১২-২০১৩	৩,০২০.৭৭	৬,০৮০	-	১৫টি	৬,৯৭৫	৮৪টি	৯,৭০৫	-	-

স্মারনী-৫ঃ পিজিসিবি'র বিগত সাত বছরের সঞ্চালন অবকাঠামো।

বিশেষ দ্রষ্টব্যঃ বর্ণিত অবকাঠামোর একটি অংশ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং সাবেক ঢাকা ইলেকট্রিক সাপ্লাই অথরিটি হতে বিভিন্ন ক্রয় চুক্তির মাধ্যমে অধিগ্রহণ করা হয়েছিল।

ভবিষ্যত উন্নয়ন পরিকল্পনা

বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণ এবং সকল ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার সরকারের লক্ষ্য অর্জনে পিজিসিবি বিপুল উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছে যা সঞ্চালন সিস্টেমকে শক্তিশালী করবে। পরিকল্পনার একটি সংক্ষিপ্ত তালিকা নিচে বর্ণনা করা হলো:

ক্রঃ নং	প্রকল্পের শিরোনাম	জুন ২০১৩ পর্যন্ত অগ্রগতি	সমাপ্ত হওয়ার প্রত্যাশিত বছর
১.	গ্রীড উপকেন্দ্র এবং সঞ্চালন লাইনের ক্ষমতা বৃদ্ধি (ফেজ-১)	অর্থায়নে অপেক্ষামান (বিশ্ব ব্যাংক হতে প্রত্যাশিত)	২০১৫-১৬
২.	৪০০/২৩০/১৩২ কেভি নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প	এডিবি এর ট্রান্স-২ ঋণ প্যাকেজ হতে প্রত্যাশিত	২০১৬-১৭
৩.	আশুগঞ্জ - ভুলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন (২০১২-১৩ থেকে ২০১৪-১৫)।	বিওটি ভিত্তিতে এটা সঞ্চালন খাতে প্রথম প্রকল্প। ডেভেলপার বাছাই এর কাজ সম্পন্ন হয়েছে। প্রি-কোয়ালিফাইড বিডার হতে RFP আহ্বান করা হবে।	২০১৪-১৫
৪.	আমিনবাজার-মাওয়া-মংলা ৪০০ কেভি এবং মংলা-খুলনা (দক্ষিণ) ২৩০ কেভি সঞ্চালন লাইন (এনজি-৩)।	নীতিগতভাবে প্রি-ডিপিপি অনুমোদিত হয়েছে এবং ৯-৯-২০১০ইং তারিখে ইকোনোমিক রিসোর্স ডিভিশনে অর্থ উৎস এর জন্য প্রেরণ করা হয়েছে। বিশ্বব্যাংক এর অর্থায়নে পাওয়ার গ্রীড করপোরেশন অব ইন্ডিয়া কর্তৃক সম্ভাব্যতা যাচাই প্রায় সমাপ্তির পথে।	২০১৫-১৬
৫.	আনোয়ারা-মেঘনাঘাট ৪০০ কেভি সঞ্চালন লাইন (এনজি-৪)।	নীতিগতভাবে প্রি-ডিপিপি অনুমোদিত হয়েছে এবং ৯-৯-২০১০ইং তারিখে ইকোনোমিক রিসোর্স ডিভিশনে অর্থ উৎস এর সন্ধানে প্রেরণ করা হয়েছে। বিশ্বব্যাংক এর অর্থায়নে পাওয়ার গ্রীড করপোরেশন অব ইন্ডিয়া কর্তৃক সম্ভাব্যতা যাচাই প্রায় সমাপ্তির পথে।	২০১৫-১৬
৬.	পশ্চিমাঞ্চল গ্রীড নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প।	প্রি-ডিপিপি নীতিগত ভাবে অনুমোদন প্রস্তুত হচ্ছে। সম্ভাব্যতা যাচাই পরামর্শক নিয়োগ এগিয়ে যাচ্ছে।	২০১৬-১৭
৭.	মাতারবাড়ী-আনোয়ারা-মদুনাঘাট ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	জাইকা হতে প্রত্যাশা করা হচ্ছে। প্রিডিপিপি জমা দেয়া হয়েছে। জাইকা কর্তৃক সম্ভাব্যতা যাচাই কাজ চলছে।	২০১৭-১৮
৮.	পল্লী সঞ্চালন নেটওয়ার্ক উন্নয়ন এবং পুনর্গঠন প্রকল্প	কেএফডব্লিউ হতে প্রত্যাশা করা হচ্ছে। প্রিডিপিপি অনুমোদিত।	২০১৭-১৮
৯.	ত্রিপুরা এবং বাংলাদেশের পূর্বাঞ্চলের মধ্যে বিদ্যুৎ আন্তঃসংযোগ।	অনুমোদনের জন্য প্রিডিপিপি জমা দেয়া হয়েছে।	২০১৬-১৭
১০.	আশুগঞ্জ-ফেঞ্চুগঞ্জ ১৩২ কেভি লাইন উন্নয়ন এবং নতুন আশুগঞ্জ-ঘোড়াশাল ২৩০ কেভি লাইন নির্মাণ।	নীতিগতভাবে প্রি-ডিপিপি অনুমোদিত এবং ইকোনোমিক রিসোর্স ডিভিশনে অর্থ উৎস এর সন্ধানে প্রেরণ করা হয়েছে।	২০১৬-১৭

সঞ্চালন সিস্টেমের অবকাঠামো উন্নয়নে উপরে উল্লেখিত প্রকল্পসমূহের অতিরিক্ত, পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যানের আলোকে, পিজিসিবি কর্তৃক দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যাতে ২০২১ খ্রীষ্টাব্দের মধ্যে সমগ্র দেশে বিদ্যুৎ সরবরাহ করা যায়।

মানব সম্পদ উন্নয়ন

প্রশিক্ষণ ও উন্নয়নের উদ্দেশ্য হচ্ছে একটি প্রতিষ্ঠানের মানব সম্পদের জ্ঞান, দক্ষতা, সামর্থ্য এবং ভাবভঙ্গির উন্নয়নে তাদেরকে সক্ষম করে তোলা যা তাদের সফল কার্য সম্পাদনের জন্য প্রয়োজন। ব্যক্তিগত এবং প্রাতিষ্ঠানিক ক্ষেত্রে কার্য সম্পাদনের জন্য প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবভিত্তিক প্রভাব ফেলে। প্রশিক্ষণের মাধ্যমে প্রতিষ্ঠানের মানব সম্পদের জ্ঞান বৃদ্ধি পেলে কর্মক্ষেত্রে পরিকল্পনা গ্রহণ ও কার্য সমন্বয় সাধন অত্যন্ত সহজতর হয় যা অপ্রশিক্ষিত জনবলের দ্বারা সম্ভবপর হয় না। পিজিসিবি'র মূল্যবান মানব সম্পদ বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় সর্বশেষ জ্ঞান এবং বিশেষজ্ঞতার প্রশিক্ষণ প্রদান করে একটি মঞ্চ হিসাবে সেবা প্রদান করে যাচ্ছে। দেশে এবং বিদেশে পিজিসিবি মানবসম্পদ প্রেরণ করে প্রশিক্ষণ কর্মসূচী, সম্মেলন, মেলা, আলোচনা অনুষ্ঠান, ওয়ার্কশপ, শিক্ষা ভ্রমণে যাতে তারা সমসাময়িক বিষয়ে অবগত হয়। তাদের সুযোগ দেওয়া হয় প্রযুক্তি ও ব্যবস্থাপনা ক্ষেত্রে বিভিন্ন বিশেষজ্ঞদের সঙ্গে যোগাযোগ করার।

বিদ্যুৎ সেক্টরের ইউটিলিটি প্রতিষ্ঠানসমূহের জন্য সরকারের বিদ্যুৎ বিভাগ সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের বৎসরে অন্ততঃ ৬০ ঘন্টা প্রশিক্ষণ লক্ষ্য স্থির করেছে। পিজিসিবি'র একটি প্রশিক্ষণ দপ্তর রয়েছে তার কর্মীদের শিক্ষা ও উন্নয়ন প্রয়োজন পূরণের জন্য। আলোচ্য ২০১২-২০১৩ অর্থবছরে পিজিসিবি গড়ে ৬০.২৪ জনঘন্টা প্রশিক্ষণ অর্জন করেছে।

অত্র কোম্পানীর অভিজ্ঞ উর্ধ্বতন কর্মকর্তা ও কর্মচারীদের দিয়ে আভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন করা হয়ে থাকে। প্রশিক্ষণের জন্য বহিঃ প্রশিক্ষকও কাজে লাগানো হয়েছে। পিজিসিবি'র কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে পরামর্শ করে নিজস্ব প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন করা হয়েছে। সীমিত প্রশিক্ষণ অবকাঠামো সত্ত্বেও কোম্পানী স্থানীয় ও বৈদেশিক বিশেষজ্ঞ দ্বারা ভিন্ন ভিন্ন প্রশিক্ষণের আয়োজন করেছে।

স্থানীয় প্রশিক্ষণ

অর্থ বছর ২০১২-১৩ এ মোট ১৮৭ টি প্রশিক্ষণ কর্মসূচী সংগঠিত করা হয়েছে যাতে ২,১৪৮ জন কর্মকর্তা-কর্মচারী অংশ গ্রহণ করে ১৪,৬৬১.৫ মানব দিবস ব্যয় হয়েছে। এগুলির মধ্যে কাজের সঙ্গে খুবই সম্পর্কযুক্ত প্রশিক্ষণ যা স্থানীয়ভাবে প্রদান করা হয়েছিল তা নিচে উল্লেখ করা হলোঃ

ক্র.নং	বিষয়	আয়োজক প্রতিষ্ঠান	সংখ্যা	মেন ডে	মেন আওয়ার
১.	টাওয়ার এবং টাওয়ার ভিত্তি ডিজাইন	কেইসি	৪০	৩০	৯৬০০
২.	নবায়নযোগ্য জ্বালানী এবং তার ব্যবহার	পিএসসিডিপি	১০	৩	২৪০
৩.	গ্রীড উপকেন্দ্র পরিচালন ও সংরক্ষণ	পিজিসিবি	৮০	৪	২৫৬০
৪.	কম্পিউটার সহায়ক প্রকল্প ব্যবস্থাপনা	পিএসসিডিপি	৬	৪	১৯২
৫.	রাইট অব ওয়ে (আরওডব্লিও) এবং ডেডলাইন চেকিং টুলস সংরক্ষণ ও নিরাপত্তা চর্চা	পিজিসিবি	৪০	৫	১৬০০
৬.	আয়কর এবং মূল্য সংযোজন কর	আইসিএমএবি	২৫	৭	১৪০০
৭.	শিল্প সম্পর্ক	আইআরআই	২৮	২৬	৫৮২৪
৮.	হিসাব ও অর্থ ব্যবস্থাপনা	পিএসসিডিপি	৬	৮	৩৮৪
৯.	পিজিসিবি'র জন্য স্ক্যাডা এবং যোগাযোগ পদ্ধতি	পিজিসিবি	৩০	১	২৪০
১০.	মানব সম্পদ ব্যবস্থাপনা	পিএসসিডিপি	৬	৮	৩৮৪
১১.	পাওয়ার ট্রান্সফরমার সিটি, পিটি, ইত্যাদি এর পরিচালন ও সংরক্ষণ	পিএসসিডিপি	১৭	১৪	১৯০৪
১২.	সুইচগিয়ার ইকুইপমেন্ট এর পরিচালন ও সংরক্ষণ	পিজিসিবি	৩০	১৪	৩৩৬০
১৩.	বিদ্যুৎ এর নিরাপদ ব্যবহার পদ্ধতি	পিসিডিপি	১০	৮	৬৪০
১৪.	আরটিএস দ্বারা ট্রান্সফরমার কন্ডিশন মনিটরিং	পিজিসিবি	২১	১	১৬৮
১৫.	ডিজিটাল ওয়ার্ল্ড'২০১২	বিদ্যুৎ বিভাগ	৩	১	২৪

বৈদেশিক প্রশিক্ষণ

অর্থ বছর ২০১২-১৩ সময়ে পিজিসিবি হতে উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তাদের বিদেশে ফ্যাক্টরী এক্সপেটস টেস্ট সহ প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়েছিল। নতুন প্রকল্পের আওতায় বিভিন্ন সাবস্টেশনে যন্ত্রপাতি প্রদান, ডিজাইন, সরবরাহ, কমিশনিং এবং স্থাপন বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান আহরনের উদ্দেশ্যে প্রশিক্ষণ ও পরিদর্শনের আয়োজন করা হয়েছিল। উক্ত অর্থ বছরে ৯৮টি বৈদেশিক প্রশিক্ষণ ও প্রদর্শন সম্পন্ন করা হয় যাতে ২,৯১৫ মেন-ডে ব্যবহৃত হয়। মোট ২২২ জন কর্মী এতে অংশগ্রহণ করেছিলেন।

নিম্নে উল্লেখিত বিষয় সমূহে গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ ও পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়ঃ

ক্র.নং	বিষয়	দেশ	আয়োজক প্রতিষ্ঠান	সংখ্যা	মানব দিবস
১.	৪ ডিএলটি টাওয়ার	কোরিয়া	জিএস-ইঞ্জিনিয়ারিং	২	১৮
২.	ডিসি সিএন্ডপি প্যানেলস	জার্মানী	সিমেন্স	৮	৮০
৩.	ওভারভিউ অব এইচভিডিসি অপারেশন এন্ড আরটিডিএস	ভারত	পিজিসিবি	৪	২০
৪.	৪০০ কেভি ডবল সার্কিট টি/এল	দ. কোরিয়া	স্যামসাং	২	১৮
৫.	কারিগরী ব্যবস্থাপনা	দ. কোরিয়া	কেপকো	৩	৩৩
৬.	২৩০ কেভি কনভার্টার ট্রান্সফরমার	জার্মানী	সিমেন্স	২	২২
৭.	ট্রান্সফরমার, জিআইএস এন্ড সার্কিট ব্রেকার	চীন	জেভি অফ ডব্লিউজেড	৬	৪২
৮.	এসিএসআর মেলাড কনড্রাক্টর ভারত কেইসি			১	১১
৯.	উপকেন্দ্র ডিজাইন, ওএন্ডএম অব এইচভি উপকেন্দ্র	কোরিয়া	জিএস-ইঞ্জিনিয়ারিং	৪	৪২
১০.	৪০০কেভি কনভার্টার ট্রান্সফরমার	জার্মানী	সিমেন্স এজি	২	২২
১১.	স্মুদিং রিএকটরস	কানাডা	সিমেন্স	২	২৪
১২.	ওপিজিডব্লিউ ফিটিংস	চীন	কেইসি	২	১৪

ভবিষ্যত কর্মসূচী

নিয়মিত প্রশিক্ষণ নিশ্চিতকরণের জন্য সুন্দর অবকাঠামো সমৃদ্ধ পূর্ণমাত্রার প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রয়োজন যা বর্তমানে পিজিসিবি'র নিজস্ব কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান নেই। এ লক্ষ্যে দু'টি পূর্ণমাত্রার প্রশিক্ষণ প্রতিষ্ঠান ইমারত নির্মাণ পরিকল্পনা আছে। ইতোমধ্যে একটি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য পরামর্শক নিয়োগ করা হয়েছে। এটি তৈরী হলে নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন এবং কোম্পানীর মানব সম্পদের দক্ষতা ও নতুন জ্ঞান বৃদ্ধির লক্ষ্য অর্জনে সহায়ক হবে।

পারফরমেন্স এপ্রাইজাল বুক প্রবর্তন

কর্মকর্তাগণের মধ্যে যারা দক্ষ এবং আগ্রহী হয়ে দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকেন তাদের মূল্যায়ন অধিকতর যৌক্তিক ও বাস্তব সম্মত করণের জন্য আলোচ্য ২০১২-১৩ অর্থ বৎসর পারফরমেন্স এপ্রাইজাল বুক চালু করা হয়েছে। এতে বছরে ছয় মাস অন্তর দু'বার প্রত্যেক কর্মকর্তাকে তার বিশেষ বিশেষ কাজ সমূহের লক্ষ্য মাত্রা নির্ধারণ করে দেয়া হয়; লক্ষ্য অর্জনে কোন বাস্তব সমস্যা থাকলে তাদের থেকে সেটা জেনে নেয়া হয়। নির্ধারিত সময় শেষে প্রত্যেকের অর্জন অনুসারে মূল্যায়ন করা হয় এবং বছর শেষে অর্জিত নম্বর প্রদান করা হয়। এ ক্ষেত্রে মূল্যায়নকারী কর্মকর্তার মূল্যায়ন তার নিকটতম উর্ধ্বতন কর্মকর্তা তত্ত্বাবধান করেন। এ ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে যোগ্য লোকদের পদোন্নতি, বোনাস ও পুরস্কার দেয়ার ক্ষেত্রে স্বচ্ছতা ও যৌক্তিক অবস্থার সৃষ্টি হয়েছে।

তথ্য প্রযুক্তির উন্নয়ন

তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি একটা অত্যাবশ্যকীয় চালিকা হাতিয়ার। একটি প্রতিষ্ঠানকে স্বয়ংক্রিয় কার্য পরিবেশ তৈরীতে প্রযুক্তি ব্যবহারে সমন্বয় ও সুযোগ সৃষ্টি করে এবং প্রতিষ্ঠানের স্টেকহোল্ডারদের জন্য তথ্যের উৎস হয়। উক্ত লক্ষ্য অর্জনে পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ ২০১২-২০১৩ অর্থ বছরে নিম্নে উল্লেখিত কার্যসমূহ সম্পাদন করেছেঃ

- ১) প্রশিক্ষন ব্যবস্থাপনা সফটওয়্যার সৃষ্টি করা হয়েছে এবং বর্তমানে বাস্তবায়নাধীন রয়েছে।
- ২) কতিপয় বিদেশের সঙ্গে ভিডিও কনফারেন্স সিস্টেম ঘটানো হয়েছে।
- ৩) ইলেকট্রনিক দরপত্র পদ্ধতি বাস্তবায়নাধীন রয়েছে।
- ৪) সম্পদ এবং গুদামজাতকরন ব্যবস্থাপনা সিস্টেম বাস্তবায়নাধীন রয়েছে।
- ৫) বিদ্যুৎ পরিচালন প্রতিবেদন, দরপত্র বিজ্ঞপ্তি, দরপত্র দলিল, শেয়ার ও বিনিয়োগ সংক্রান্ত তথ্য, প্রকল্প বাস্তবায়ন ইত্যাদি নিয়মিত ভাবে ওয়েব সাইটে প্রকাশ করা হয়।
- ৬) নিয়মিতভাবে পিজিসিবি'র ওয়েব সাইট আপডেট করা হয়।

জাতীয় বিদ্যুৎ গ্রীড দক্ষ ও কার্যকর ভাবে ব্যবস্থাপনা করে নির্ভরযোগ্য ও মান সম্পন্ন বিদ্যুৎ সমগ্র দেশে সঞ্চালন পিজিসিবি'র ভিশন। পিজিসিবি কাজের দক্ষতা বৃদ্ধি, ব্যয় হ্রাস, নির্ভরযোগ্যতা বৃদ্ধি এবং কাজে স্বচ্ছতার মাধ্যমে নিরবিচ্ছিন্ন ভাবে চেষ্টা করে যাচ্ছে। সামগ্রীক ভাবে গ্রীড নেটওয়ার্ক উন্নয়ন করে স্বনির্ভর এবং লাভজনক প্রতিষ্ঠানে পরিনত হবে। পিজিসিবি ২০২১ খ্রীষ্টাব্দের মধ্যে বাংলাদেশে একটি ইলেকট্রনিক ব্যবস্থাপনা / ইলেকট্রনিক গর্ভনেন্স এবং তথ্য নির্ভর কোম্পানীর সুখ্যাতি অর্জন করবে।

বাণিজ্যিক অবস্থা

আলোচ্য ২০১২-১৩ অর্থ বছরে পিজিসিবি হুইলিং চার্জ হিসাবে ১৩২ কেভি প্রান্তের টাকা ০.২২৬৮ দরে এবং ৩৩ কেভি প্রান্তে টাকা ০.২২৯১ দরে প্রতি কিলোওয়াট ঘন্টায় বিল করেছে। বিল করা হয়েছে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ, পল্লী বিদ্যুৎ সমিতি সমূহ এবং ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ এর প্রতি।

মোট রাজস্ব (মিলিয়ন টাকা)	আদায়কৃত (মিলিয়ন টাকা)	বকেয়া (মিলিয়ন টাকা)	মন্তব্য
টাকা ৭,৮৭০.৪৩	টাকা ৭,৫৭৫.১০	টাকা ১,২৭৮.৭৩	বকেয়া হুইলিং বিলের পরিমাণ ১.৯৫ মাসের বিলের সমপরিমাণ।

অর্থনৈতিক কৃতকর্ম

কোম্পানীর স্থায়ী সম্পদের মূল্য ২০১২-২০১৩ বছর শেষে ছিল টাকা ৮৮,৪৫৩.৩৩ মিলিয়ন। নীট স্থায়ী সম্পদ মূল্য ছিল টাকা ৪২,১১৬.২৯ মিলিয়ন। দায়-ইকুইটি অনুপাত ছিল ৬৯ঃ৩১। আলোচ্য অর্থ বছর পিজিসিবি বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর লোনের বিপরীতে টাকা ১,৬৯৯.০২ মিলিয়ন সমন্বয় এবং সরকারকে টাকা ১,২৯৮.৫৪ মিলিয়ন ডেট সার্ভিস লায়বিলিটি পরিশোধ করেছে।

অর্থ বছর ২০১২-২০১৩ সময়ে কোম্পানী মোট টাকা ৭,৬৭২.৯৫ মিলিয়ন বিদ্যুৎ হুইলিং এর মাধ্যমে এবং টাকা ১৯৭.৪৮ মিলিয়ন অপটিক্যাল ফাইবার লিজিং এর মাধ্যমে রাজস্ব আয় করেছে। অন্যান্য আয় ছিল টাকা ৮৭২.৩৫ মিলিয়ন। ফলে সর্বমোট আয় দাঁড়িয়েছিল টাকা ৮,৭৪২.৭৮ মিলিয়ন। মোট ব্যয় ছিল টাকা ৬,৭২৭.৭৫ মিলিয়ন ফলে করপূর্ব নীট মুনাফা হয় টাকা ২,০১৫.০৩ মিলিয়ন। আলোচ্য সময়ে নীট স্থায়ী সম্পদের বিপরীতে কোম্পানী ৮.৭৪ শতাংশ আয় অর্জন করেছে। হিসাবে বিগত বছরের সমন্বয়ের জন্য টাকা ৪,৪০৬.৮০ মিলিয়ন সম্পদ যোগ হয়েছে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সাথে পিজিসিবি'র ৬ষ্ঠ ভেনডারস চুক্তির মাধ্যমে যা ০১/০৭/২০০৭ইং তারিখ হতে কার্যকরের নিমিত্ত উক্ত সম্পদ পিজিসিবিতে স্থানান্তরিত হয়েছে। উল্লেখ্য যে, উক্ত চুক্তিটি ১০/০৪/২০১২ইং তারিখে স্বাক্ষরিত হলেও এর কার্যকারিতা ০১/০৭/২০০৭ইং তারিখ হতে

দেখানো হয়েছে। ফলশ্রুতিতে অধিক পরিমাণে অবচয় হিসাব করতে হয়েছে। প্রকল্প ঋণের সুদ বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে উক্ত বছর সামগ্রিক বিদ্যুৎ সঞ্চালন বৃদ্ধি পেয়েছে। এ সকল কারনে গত বৎসর অপেক্ষা আলোচ্য বৎসর করপূর্ববর্তী মুনাফা বৃদ্ধি পেয়েছে কিন্তু ০১/০৭/২০০৭ইং তারিখ হইতে ৬ষ্ঠ ভেনডরস্ চুক্তির আওতায় বিদ্যুৎ উন্নয়ন বোর্ড হতে ৪,৪০৬.৮০ মিলিয়ন টাকার সম্পদ পিজিসিবি'র হিসাবে স্থানান্তরিত হওয়ায় বিগত ৫ বৎসরের অবচয় চলতি বৎসরের আয়কর গণনায় অন্তর্ভুক্ত হওয়ায় Accounting base ও Tax base এর মধ্যে পার্থক্য হওয়ায় Deferred tax liability প্রায় ৫৭০.১৪ মিলিয়ন টাকা বেশী ধার্য হয়, ফলে পূর্ববর্তী বৎসরের তুলনায় চলতি বৎসরের কর পরবর্তী মুনাফা কমেছে। এটা প্রত্যাশিত যে, অদূর ভবিষ্যতে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির সঙ্গে আগামীতে মুনাফা বৃদ্ধি পাবে। পিজিসিবি মুনাফা করায় এবং ঋণদানকারী সংস্থা সমূহের শর্তাবলী পালন করেছে তাই ১৫ শতাংশ হারে নগদ লভ্যাংশ ২০১২-২০১৩ অর্থ বছরের জন্য প্রস্তাব করা হয়েছে।

অর্থ বৎসর ২০০৭-২০০৮ হতে ২০১২-২০১৩ এর একটি তুলনামূলক বিবরণ ৬ নম্বর স্মারনীতে প্রদর্শন করা হলোঃ

অর্থ বৎসর	হুইলিং চার্জ (মিলিয়ন টাকা)	কর পূর্ব মুনাফা (মিলিয়ন টাকা)	কর পরবর্তী মুনাফা (মিলিয়ন টাকা)	নেট স্থায়ী সম্পদের উপর আয়	মোট স্থায়ী সম্পদ (মিলিয়ন টাকা)	পরিশোধিত মূলধন (মিলিয়ন টাকা)	গড় বকেয়ার পরিমাণ (মাস)
২০০৭-২০০৮	৫,৩৪৮.৯২	২,২৪৯.৩৯	১,৬৯২.৬৬	১৫.১২%	৫৩,৮৮২.৭৯	৩,৬৪৩.৫৮	১.০৪
২০০৮-২০০৯	৫,৫৮৪.৮৯	২,২৪৪.৬৬	১,৫৪৪.৬৭	১২.৮৭%	৬৭,৭৮১.০৯	৩,৬৪৩.৫৮	২.১০
২০০৯-২০১০	৫,৮৫৪.৮১	২,৩৩৮.৩৮	১,৬০৭.০১	১০.৪০%	৭০,৪৩৯.১৪	৩,৬৪৩.৫৮	২.০৭
২০১০-২০১১	৬,১৫৫.৬৪	৮০৯.৬৯	৯২৪.৬০	৬.৮৫%	৭৫,৩৮৭.৫১	৪,১৯০.১২	২.০১
২০১১-২০১২	৭,১৪২.২০	১,৮২২.১৬	১,১৮৩.৫৪	৮.৯০%	৮৪,২৬২.০০	৪,১৯০.১২	১.৯৮
২০১২-২০১৩	৭,৬৭২.৯৫	২,০১৫.০৩	১,০১০.১৮	৮.৭৪%	৮৮,৪৫৩.৩৩	৪,৬০৯.১২	১.৯৫

স্মারনী- ৬ঃ গত ছয়টি অর্থ বৎসরের অর্থনৈতিক তুলনা মূলক বিবরণী।

বাংলাদেশ-ভারত বিদ্যুৎ সঞ্চালন কেন্দ্র (এইচভিডিসি স্টেশন)

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ ভেড়ামারা, কুষ্টিয়ায় ৫০০ মেঃওঃ ব্যাক টু ব্যাক এইচভিডিসি স্টেশন নির্মাণ করে বাংলাদেশের বিদ্যুৎ সিস্টেমে সর্বাধুনিক ও উন্নত প্রযুক্তির অবকাঠামো সংযোজন করতে যাচ্ছে। বিশ্বব্যাপী বিদ্যুৎ শক্তি সঞ্চালনে হাইভোল্টেজ ডাইরেক্ট কারেন্ট (এইচভিডিসি) সিস্টেম ব্যবহৃত হয়ে আসছে। বাংলাদেশের বিদ্যুৎ ব্যবস্থায় এটাই সর্বপ্রথম এইচভিডিসি প্রযুক্তি সংযোজন। ভারত হতে ৫০০ মেঃওঃ বিদ্যুৎ আমদানীর সঞ্চালন অবকাঠামোর অংশ হিসেবে এটা নির্মাণ করা হচ্ছে। অধিকন্তু এটা দক্ষিণ এশিয়ায় আন্তঃদেশীয় বিদ্যুৎ বানিজ্যের এক নতুন যুগের সূচনা করবে। এইচভিডিসি সিস্টেম এসি বিদ্যুৎ কে রেকটিফাইয়ার স্টেশনের মাধ্যমে উচ্চ ভোল্টেজের ডিসিতে রূপান্তর করে। এরপর পুনরায় অপর একটি এইচভিডিসি ইনভার্টার এর মাধ্যমে পুনরায় এসিতে রূপান্তর করে। এটা দুটি সংযুক্ত এসি নেটওয়ার্কের ভেতর স্বতন্ত্র এসি ভোল্টেজে এবং ফ্রিকোয়েন্সি নিয়ন্ত্রণের সুযোগ করে দেয়। এটা বিদ্যুৎ সঞ্চালনে দ্রুত, যথাযথ এবং পূর্ণ নিয়ন্ত্রনক্ষম। এইচভিডিসি সিস্টেম স্বয়ংক্রিয় নিয়ন্ত্রক বা অপারেটর দু'টি সংযোগের মধ্যে কি পরিমাণ বিদ্যুৎ প্রবাহিত হবে তা ঠিক করে। এইচভিডিসির মধ্যে সংযোগকারী এক সিস্টেমের ফল্ট অন্য সিস্টেমে স্থানান্তরিত হয় না এবং এতে ক্যাসক্যাডিং ট্রিপিং সীমিত করে এবং ব্লাক আউট বিস্তৃতির সম্ভাবনা কমিয়ে দেয়।

আর্থিক বিবরণী এর উপর বহিঃনিরীক্ষকদের মতামত

